

নকলায় প্রভাষকের বাসায় হামলা
এইচএসসি পরীক্ষায় বহিষ্কৃত
৪ ছাত্রের বিরুদ্ধে দ্রুত
বিচার আইনে মামলা

নকলা (শেরপুর) থেকে নিজস্ব সংবাদ-
 দাতা : ৩১শে মে রাতে নকলা মহিলা
 কলেজের, এক প্রভাষকের বাসায় হামলার
 ঘটনায় ওই দিন এইচএসসি পরীক্ষায়
 বহিষ্কৃত ৪ ছাত্রকে আসামি করে দ্রুত বিচার
 আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।
 এ ঘটনায় এলাকার সচেতন মহলে
 ক্ষোভের সৃষ্টি হয়েছে। অন্যদিকে মামলার
 সাক্ষীরা সাক্ষ্য প্রদানে অস্বীকার প্রকাশ
 করেছেন বলে জানা গেছে।

৩১শে মে এইচএসসি পরীক্ষা চলাকালে
 ৪ পরীক্ষার্থী নরকের দায়ে বহিষ্কার হয়।
 ওই রাতেই কে বা কারা নকলা মহিলা
 কলেজের বাংলা বিভাগের প্রভাষক
 মোজাম্মেল হকের বাসায় হামলা করে। ওই
 প্রভাষক সন্দেহমূলকভাবে স্থানীয় ইউএনও
 মোস্তাক আকন্দকে বিষয়টি জানালে ওই
 রাতেই মুবফর, সাদেকুলজামান, জুয়েল ও
 শাখাওয়ত হোসেন নামে ৪ পরীক্ষার্থীকে
 পুলিশ সুপারের নির্দেশে গ্রেফতার করা
 হয়। অন্যদিকে পুলিশ সুপার থানাকে
 নির্দেশ দেন ৩ দিনের মধ্যে চার্জশিট প্রদান
 করতে। ৭ দিনের মধ্যে বিচারকার্য সম্পন্ন
 হবে।

এদিকে ৩ দিন অতিবাহিত হয়ে গেছে।
 সাক্ষী মোজাম্মেল, নজীর আহমেদ, কামাল
 আকন্দ, রীনা প্রভাষক এরা কেউই সাক্ষ্য
 দিতে সম্মত নয় বলে জানা গেছে।
 পরীক্ষার্থীদের বিরুদ্ধে দ্রুত বিচার আইনে
 এই ধরনের হয়রানিমূলক মামলা দায়েরের
 ঘটনায় শত শত পরীক্ষার্থী ও অভিভাবকের
 মধ্যে ক্ষোভের সঞ্চার হয়েছে। তারা
 অবিলম্বে এই মামলা প্রত্যাহারের দাবি
 জানিয়েছেন।